



সম্প্রসারণ উপাদানের উন্নয়ন

টিপস্ ও ফ্যাট্ট
সীট

সম্প্রসারণ উপাদান কি?

সম্প্রসারণ উপাদান হচ্ছে:

- নতুন কাজের ক্ষেত্রে সচেতনতা বাড়ানো।
- লোকেরা যে পদ্ধতিতে কাজ করে সে পদ্ধতি পরিবর্তনের জন্যে তাদেরকে উন্নুন্দ করা, এবং/অথবা কিভাবে তারা এটি ব্যবহার করবে সে বিষয় তাদেরকে তথ্য দেয়।



বার্টাচি সার্বজনীন বার্টা
হওয়া উচিত। এটি
সঠিকভাবে ব্যবহার করতে
হলে যা যা জানা দরকার তা
থাকা উচিত?

সম্প্রসারণ উপাদান উন্নয়নের পাঁচটি ধাপঃ

১. শ্রোতাদের মনোভাব এবং সমস্যা বিশ্লেষণ করা

তাদের অধ্যাধিকার ভিত্তিক চাহিদা কি? এ জন্যে তারা কি করতে
পারে? সমস্যা এবং সমস্যার কারণ ব্যাখ্যা করা।

২. সমাধান নির্দিষ্ট করা

পরীক্ষিত প্রযুক্তিগত সমাধান নির্দিষ্ট করা এবং কৃষকদেরকে চিহ্নিত
করা, যারা এই প্রযুক্তির ব্যবহার করে লাভবান হতে পারে। (নীচের
উদাহরণটি লক্ষ্য কর ন)

মনে রাখতে হবে, কৃষকেরা সাধারণত তাদের কাজের অংশ
হিসাবেই নতুন প্রযুক্তির পরীক্ষামূলক ব্যবহার করে। যখন কেউ
একজন এটির ব্যবহার করে লাভবান হয় বা সম্ভবতার বিষয়ে
ইতিবাচক সাড়া পায় তখন অন্যান্য কৃষকেরাও ব্যাপকভাবে সেই
প্রযুক্তির ব্যবহার শুর করে।

৩. অন্যতম বার্তা/তথ্য: সহজ ভাষায় প্রযুক্তির বর্ণনা করা:

এটি কি? এ বার্টাটির প্রধান অংশটি কি? (যেমন, সঠিকভাবে
প্রযুক্তিটির ব্যবহার করার ক্ষেত্রে ন্যূনতম কতটুকু জ্ঞানের
প্রয়োজন?)

এর সুবিধাসমূহ কি? (এগুলো হচ্ছে, আয় বৃদ্ধি, স্বল্প শ্রম, বেশী
নিরাপত্তা, কম ঝুঁকি)

ঝুঁকি সমূহ কি? কেন কেউ নুতন প্রযুক্তির ব্যবহার করবে না?

৪. আপনি এখন প্রকৃত সম্প্রসারণ উপাদানের উন্নয়নের জন্যে প্রস্তুত।

অংশ গ্রহণ: একদল কৃষকের মাঝে এই উপাদানটির বিষয়ে উৎসাহ
সৃষ্টি কর ন। (কৃষক, উন্নয়ন কর্মী, বিজ্ঞানী, ইত্যাদি)

মাধ্যম: তথ্য বিনিময়ের সবচাইতে ভালো মাধ্যমটি নির্বাচন কর ন।
(মাঠ প্রদর্শনী, পোষ্টার, ফ্লায়ার, রেডিও, টিভি ইত্যাদি)

উপাদান সমূহের খসড়া করুন:

- দীর্ঘ বক্তব্য না দিয়ে সংক্ষিপ্তভাবে মূল বিষয়ের উপর
আলোকপাত কর ন
- নির্ধারিত দলের শিক্ষা-সাংস্কৃতির সাথে সামঞ্জস্যতা নির্ণয়
কর ন।
- যুক্তিগতভাবে সঠিক সে বিষয়ে দৃঢ়তা প্রদর্শন কর ন।
- বিষয়টি সহজ পাঠ্য ও সহজ বোধগম্য কর ন।
- এ ধরনের ছবি ব্যবহার কর ন যা নির্ধারিত দলের পক্ষে
সহজে বোধগম্য।
- এভাবে বিষয়টি উল্লেখ কর ন যাতে কৃষকেরা সহজে বুঝতে
পারে এবং বেশী তথ্য পেয়ে উৎসাহিত হয়।
- **মূল্যায়ন এবং প্রাক নির্বাচন:** নিজ ধারণা, উপকরণ বা
পদ্ধতির পরিবর্তনের প্রতিক্রিয়া জানার জন্যে নির্ধারিত দলের
মধ্যে উপকরণের গ্রাক-নির্বাচন কর ন।

সহজকরণ

হজকরণ

সহজকরণ

মনে রাখতে হবে: মাঠ পর্যায়ের প্রদর্শনীর মাধ্যমেই ভালো সম্প্রসারণ হয়ে থাকে।

কৃষকরা যা পড়ছে বা শুনছে সেটি তাদের আগ্রহ বৃদ্ধি করে কিন্তু তারা যা দেখছে তারা সেটি করতে উন্নুন্দ হয়।

সমস্যা	কারণ	প্রতিকার	কে কাজে পরিনত করে	প্রযুক্তিগত জ্ঞানের জন্যে শ্রেষ্ঠ মাধ্যম
বাদামী ঘাস ফড়িং	প্রাথমিক ভাবে বেশী ওষধ প্রয়োগ	প্রাথমিক ভাবে কম ওষধ প্রয়োগ	সবাই	মাঠ প্রদর্শনী, রেডিও, পোষ্টার, ফ্লায়ার



Originally prepared by preparedby MA Bell, J Hill and S Atallah January 2013

Translated by Md. Nurul Alam Siddique, December, 2013

Copyright © BIID, 2013. All Rights Reserved.

Modified and used with permission by the USAID/MEAS Project.

For more information visit: <http://ip.ucdavis.edu>

